একটা বয়স্ক ভাতা হতে পারে জীবনের চলার পথে বড় সম্বল

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের পীরপুরকুল্লা গ্রামের মখোলাপাড়ার মৃত রমজানের স্ত্রী ৭০ বছরের বৃদ্ধা অসহায় বিধবা আকলিমা খাতুনের একটি বয়স্ক ভাতা হতে পারে তার জীবনের বেঁচে থাকার বাকি বছর গুলোর শেষ সম্বল।

জানা গেছে, পীরপুরকুল্লা গ্রামের আকলিমা খাতুনের স্বামী ৪৫ বছর পূর্বে মারা গেছেন। তখন তার এক মেয়ে ও কোলে এক শিশু ছেলে ছিলো। অনেক কষ্ট করে ছেলে মেয়ে মানুষ করে বিয়ে দিয়েছেন। ছেলে এখন নাতি নাতনির নানা দাদা হয়ে গেছে। আকলিমা আক্ষেপের সুরে বলেন আমার শিশু সন্তান যখন কোলে তখন আমার স্বামী মারা যায়। সেই থেকে আজ অবধি একটা বিধবা ভাতা ও বয়স্কভাতার কার্ড কপালে জুটলো না। ছেলের ছেলে মেয়ের বিয়ে হয়ে গেছে। তারা কষ্ট করে আমার ছেলের বউ বাপের বাড়ি থেকে জমি বিক্রি করে এনে তাদের ঘর করে দিয়েছে। মানুষ আসলে আমার ছেলের ঘর দেখে। বলে পাকা বাড়ি। আমার তো প্রতিমাসে তিন চার হাজার টাকার ওষুধ লাগে।ছেলের বাড়ি তিনবেলা ভাত খাই। মেয়ের বাড়ি গিয়ে থাকি। তারা ভাত কাপড় দিলেও আমার ওষুধ খরচ তো তারা দিতে পারেনা। সে সামর্থ তাদের নেই।তাদের যা আয় তাই দিয়ে সংসার চলে। এ বয়সে যদি একটা বিধবা বা বয়স্ক ভাতা কার্ড হতো তবুও তা দিয়ে যা পেতাম। কোনরকম বাকি জীবনটা ওষুধ কিনে খেয়ে চলতে পারতাম।

স্থানীয় অনেকে নাম না প্রকাশ করার শর্তে বলেন বৃদ্ধা আকলিমা খুব কষ্ট করে জীবন পার করেছেন। এখনো করছেন। তার একটি বয়স্ক কিংবা বিধবা ভাতা কার্ড হলে সে খুবই উপকৃত হতো। বৃদ্ধা আকলিমার একটি বয়স্ক ভাতা কার্ডের ব্যাবস্থা করতে দামুড়হুদা উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সহ দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র আশু হস্তক্ষেপ কামনা করেছে এলাকাবাসী সহ সচেতন মহল।

দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদের সংবর্ধনা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যানদের সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার সকাল সাড়ে ১১ টার দিকে দামুড়হুদা উপজেলা পরিষদের আয়োজনে উপজেলার বঙ্গবন্ধু চত্ত্বরে এই সংর্বধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা পরিষদের টানা দুই বারের নির্বাচিত চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবুর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য এমপি হাজী আলী আজগর টগর।

এ সময় চুয়াডাঙ্গা-২ আসনের সাংসদ সদস্য এমপি হাজি আলি আজগার টগর বলেন, নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করতে হবে। জনগণ ভোট দিয়ে জনপ্রতিনিধি নির্বাচিত করেছে।

দামুড়হুদা উপজেলার সকল শ্রেণীর মানুষ যাতে সেবা পাই তার জন্য আপনাদের কাজ করতে হবে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আমাকে নৌকার প্রার্থী করেছেন, আমি চুয়াডাঙ্গা ২ আসনের পরপর চারবার এমপি হয়েছি। কারণ একটাই আমি জনগনের সাথে সুখে দুঃখে সব সময় ছিলাম এবং আছি। তাই আমাকে ভালোবাসে সর্বস্তরের জনগণ, আমাকে,নৌকা প্রর্তীকে ভোট দিয়ে চুয়াডাঙ্গা ২ আসনের এমপি বানাইছে।

নবনির্বাচিত উপজেলা চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু বলেন, আপনারা আপনাদের মূল্যবান ভোট দিয়ে আমাকে নির্বাচিত করেছেন আমি আপনাদের প্রতি চির-কৃতজ্ঞ আপনাদের সুখে দুঃখে সব সময় আমাকে কাছে পাবেন আমি চেয়ারম্যান নয় আমি আপনাদের ভাই চেয়ারম্যান আপনারা।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা।

এ সময় আরো উপস্থিত ছিলেন নবনির্বাচিত ভাইস চেয়ারম্যান শফিউল কবীর ইউসুফ ও মহিলা ভাইস চেয়ারম্যান তানিয়া খাতুন, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক সাবেক চেয়ারম্যান

খলিলুর রহমান ভুট্টা, উপজেলা কৃষি অফিসার শারমিন সুলতানা, দামুড়হুদা উপজেলা মুক্তিযোদ্ধা যাচাই বাছাই কমিটির সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী, দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফ, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ আব্দুল করিম বিশ্বাস, হাউলি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নিজাম উদ্দিন, কুড়ালগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামাল উদ্দিন, নাতিপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইয়ামিন আলি, নাটুদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শফিকুল ইসলাম, কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান এম হাবিবুল্লাহ বাহার, কেরু এন্ড কোম্পানির সাবেক ব্যবস্থাপনা প্রশাসন শাহাবুদ্দিন।

সংবর্ধনা অনুষ্ঠানে এমপি, উপজেলা প্রশাসন ও নবনির্বাচিত চেয়ারম্যান বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। এরপর চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগর টগরকে ফুলেল শুভেচ্ছা জানান দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা, নবনির্বাচিত চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদের ফুল দিয়ে শুভেচ্ছা জানান দামুড়হুদা উপজেলার বিভিন্ন শ্রেণীপেশার মানুষ।
এসময় দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগ, যুবলীগ, ছাত্রলীগ, শিক্ষক, মুক্তিযোদ্ধাসহ বিভিন্ন পেশাজীবী সংগঠনের নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জল হোসেন।

দামুড়হুদা উপজেলার নবনির্বাচিত চেয়ারম্যানদের শপথ গ্রহন

দামুড়হুদা উপজেলা পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান আলি মুনছুর বাবু ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান দ্বিতীয় মেয়াদের জন্য খুলনা বিভাগীয় কমিশনার এর কার্যালয়ে শপথ গ্রহণ করেন।

গতকাল বৃহস্পতিবার সকাল ১০ টার দিকে শপথ পাঠ করান বিভাগীয়

কমিশনার অতিরিক্ত সচিব হেলাল মাহমুদ শরীফ।

জানাযায়, সারা বাংলাদেশের ন্যায় দামুড়হুদা উপজেলায় গত ৮ ই মে উপজেলা পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আনারস প্রতীক নিয়ে আলি মুনছুর বাবু ৪৯ হাজার৯ শত ৫২ ভোট পেয়ে নির্বাচিত হন। ভাইস চেয়ারম্যান কোন প্রতিদন্ডি না থাকায় বিনা প্রতিদ্বন্দ্বিতায় শফিউল কবীর ইউসুফ ভাইস চেয়ারম্যান নির্বাচিত হন এবং মহিলা ভাইস চেয়ারম্যান পদে মোছাঃ তানিয়া খাতুন ফুটবল প্রর্তীক নিয়ে ৩৩ হাজার ৪ শত ৮৬ ভোট পেয়ে নির্বাচিত হন। গতকাল সকলে খুলনা বিভাগীয় কমিশনার এর কার্যালয়ে শপথ গ্রহণ করেন।

দামুড়হুদা উপজেলার নাটুদহে শান্তি সমাবেশ অনুষ্ঠিত

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন বানচাল করার উদ্দেশ্যে বি.এন.পি ও জামাতের অরাজকতা সৃষ্টি ও ষড়যন্ত্র মোকাবিলার লক্ষ্যে শান্তি সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার চুয়াডাঙ্গা-২ আসনের নির্বাচনী এলাকার দামুড়হুদা উপজেলার নাটুদহ ইউনিয়ন আওয়ামীলীগের আয়োজনে চন্দ্রবাস স্কুল মাঠে এ শান্তি সমাবেশ অনুষ্ঠিত হয়।

নাটুদহ ইউনিয়ন আওয়ামীলীগের সহ-সভাপতি আব্দুর রহমানের সভাপতিত্বে নৌকা প্রত্যাশী প্রার্থীগণের মধ্যে উপস্থিত থেকে বক্তব্য রাখেন, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বীর মুক্তিযোদ্ধা আজাদুল ইসলাম আজাদ, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু, জীবননগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি নজরুল ইসলাম, সাধারণ সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাবেক মহাপরিচালক কৃষিবিদ ডঃ মোঃ হামিদুর রহমান, জাতীয় দৈনিক সকালের সময় পত্রিকার সম্পাদক ও প্রকাশক মোঃ নূর হাকিম, এয়ার কমোডর (অবঃ) মোঃ আবু বক্কর, অ্যাডভোকেট শাহরিয়ার কবির।

এ সময় বক্তারা বলেন, শেখ হাসিনার নেতৃত্বে সারা দেশে ব্যাপক উন্নয়ন হয়েছে।রাস্তা, ঘাট, মসজিদ, মাদ্রাসা, মন্দিরসহ বিভিন্ন প্রতিষ্ঠানের উন্নয়ন হয়েছে ব্যাপক হারে। শুধু তাই নয়, বয়স্ক ভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধি ভাতা, শিক্ষা ভাতা, শিশু ভাতা, মুক্তিযোদ্ধা ভাতা সহ বিভিন্ন ভাতা প্রদান করছে বর্তমান সরকার। এছাড়াও মেট্রোরেল, পদ্মা সেতু, পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র, টানেল, বঙ্গবন্ধু স্যাটালাইট, অসংখ্য উড়াল সেতু সহ বিভিন্ন মেগা প্রকল্প বাস্তবায়ন করেছে আওয়ামী লীগ সরকার। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে গোটাবিশ্বে বাংলাদেশ আজ মাথা উঁচু করে দাড়িয়েছে। আওয়ামীলীগ সরকারের উন্নয়ন দেখে দিশেহারা হয়ে পড়েছে বিরোধী দল। তাই তারা অহেতুক অরাজগতা সৃষ্টি করে নির্বাচন বানচালের পায়তারায় মেতেছে। বিরোধী দলের অপকর্মকে রাজনৈতিক ভাবে মোকাবেলা করতে হবে। আসুন সবাই এক কাতারে দাঁড়িয়ে জামাত বিএনপির অপকর্মকে রুখে দিই। সেই সাথে দলের ভিতরের যে সকল হাইব্রিড নেতারা দলের ক্ষতি করছে তাদের বিরুদ্ধেও রুখে দাড়াতে হবে। যাতে করে দলের বড় ধরনের ক্ষতি করতে না পারে। সেদিকে সকলকে খেয়াল রাখতে হবে।

এ সময় আরও উপস্থিত থেকে বক্তব্য রাখেন, দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি সিরাজুল আলম ঝন্টু, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি দামুড়হুদা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, এ্যাডভোকেট আবু তালেব, আওয়ামী লীগ নেতা- এম.এ ফয়সাল, আসাদুল হক সহ উপজেলা, ইউনিয়ন ও ওয়ার্ড আওয়ামীলীগ, যুবলীগ, ছাত্রলীগের নেতাকর্মী বৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে সঞ্চালনা করেন, নাটুদহ ইউনিয়ন আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক আব্দুস সালাম।

দামুড়হুদা উপজেলায় এসএসসি পরীক্ষায় কৃতি শিক্ষার্থীদের

সংবর্ধনা

দামুড়হুদার বিভিন্ন স্কুল থেকে চলতি বছরে এসএসসি পরীক্ষায় জিপিএ ৫প্রাপ্ত কৃতি শিক্ষার্থীদের কে সংবর্ধনা দেয়া হয়েছে।

আজ শনিবার বেলা ১১টার দিকে দামুড়হুদার মোক্তারপুর বাজারস্থ ইনসাইট ইন্টারন্যাশনাল একাডেমির আয়োজনে উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে এসএসসি পরীক্ষায় জিপিএ ৫প্রাপ্ত ৯৭জন শিক্ষার্থীদেরকে সংবর্ধনা দেয়া হয়।

ইনসাইট ইন্টারন্যাশনাল একাডেমির চেয়ারম্যান এ্যাড. মোহাম্মদ আসাদুল্লাহ’র সভাপতিত্বে কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি মহিলা কলেজের অধ্যাপক মোঃ জাহাঙ্গীর আলম। মতিঝিল আইডিয়াল স্কুল এন্ড কলেজের প্রভাষক মোঃ সাইফুল্লাহ মুনছুরের পরিচালনায় এসময় বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, দর্শনা ডিএস ফাজিল মাদরাসার প্রভাষক মোঃ আক্তারুজ্জামান, ইনসাইট ইন্টারন্যাশনাল একাডেমির প্রিন্সিপাল মোঃ আব্দুল্লাহ তাবরিজ খান।

এসময় উপস্থিত ছিলেন মোক্তারপুর ৮নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি সুলতান আহমেদ সহ স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দ ও প্রতিষ্ঠানটির শিক্ষক-শিক্ষিকা, অভিভাবক ও শিক্ষার্থীবৃন্দ প্রমূখ।

দামুড়হুদা উপজেলা বালাইনাশক বিক্রেতা এসোসিয়েশনের বার্ষিক সম্মেলন

দামুড়হুদা উপজেলা বালাইনাশক বিক্রেতা এসোসিয়েশন বার্ষিক সম্মেলন ২০২৩ অনুষ্ঠিত হয়েছে। রবিবার দুপুর ২টার সময় ডিসি ইকোপার্কে চড়ুইভাতি চত্বরে।

দামুড়হুদা উপজেলা সার বীজ মনিটরিং কমিটির সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলা সার বীজ মনিটরিং কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার বেলা ১২টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদের সভা কক্ষে এই সার বীজ মনিটরিং কমিটির সভা অনুষ্ঠিত হয়।

সভার শুরুতেই সার বীজ মনিটরিং কমিটির পক্ষ থেকে নবাগত উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতাকে ফুলের শুভেচ্ছা প্রদান করা হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান মনির, উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা বেগম, উপজেলা সমবায় অফিসার হারুন অর রশিদ, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সাইফুন নাহার, দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সভাপতি আরিফুল ইসলাম মিলন, উপজেলা সিআইজি কৃষক সংগঠনের সভাপতি সামসুল ইসলাম, বিএডিসি সভাপতি নজরুল ইসলাম, বিসিআইসি ডিলার সাইফুল ইসলাম, নজরুল ইসলাম, ইয়াসিন আলী, মনিরুল হক, হাবিব, আনোয়ার, রবিউল ইসলাম প্রমুখ।

দামুড়হুদায় উপজেলা পর্যায়ে শেখ কামাল আন্তঃস্কুল প্রতিযোগিতা ও পুরুষ্কার বিতরণ

দামুড়হুদায় উপজেলা পর্যায়ে শেখ কামাল আন্তঃস্কুল ও মাদরাসা ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। বুধবার দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়ামে দিনব্যাপী প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

উপজেলার ৮ টি ইউনিয়ন ও একটি পৌরসভার মোট ২৮৮ জন শিক্ষার্থী প্রতিযোগিতা অংশ নেয়। খেলা শেষে বিকেলে বিজয়ীদের মাঝে পুরুষ্কার বিতরণ করা হয়। দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে পুরুষ্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু। বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজি সহিদুল ইসলাম, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমারদাস, দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম।

উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক এম নুরুন্নবী, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আব্দুল করিম, কুড়ুলগাছি ইউপি চেয়ারম্যান কামাল হোসেন, হাউলী ইউপি চেয়ারম্যান ভারপ্রাপ্ত নিজাম উদ্দিন, একাডেমিক সুপার ভাইজার রাফিজুল ইসলাম, দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক বখতিয়ার হোসেন বকুল। উপস্থিত ছিলেন মোক্তারপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক বকতিয়ার উদ্দিন, জয়রামপুর ডিএস দাখিল মাদ্রাসার সুপার শহিদুল ইসলাম, দামুড়হুদা ডিএস দাখিল মাদরাসার সহকারী সুপার জয়নাল আবেদীনসহ বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ।

খেলা পরিচালনা করেন ক্রীড়া শিক্ষক সৈয়দ মাসুদুর রহমান খোকন, আশাদুল হক, সামসুল হক, আব্দুল খালেক, ইউসুফ আলী, মাহমুদুল হাসান, ইব্রাহিম হোসেন, কামাল হোসেন, জাহিদুল ইসলাম, তিতুয়ার রহমান, জহির রায়হান ও জাফর আলী। অনুষ্ঠান পরিচালনা করেন শিক্ষক মিরাজুল ইসলাম ও মোস্তাফিজুর রহমান।

দামুড়হুদায় উপজেলা প্রাণী সম্পদ বিভাগের উপসহকারী সার্জন

না হয়েও করছে অপারেশন প্রতিনিয়ত

দামুড়হুদা উপজেলা প্রাণী সম্পদ বিভাগের উপসহকারী প্রাণী সম্প্রসারণ কর্মকর্তা নজরুল ইসলামের বিরুদ্ধে সার্জন না হয়েও নিয়মিত বড় ধরনের অপারেশন করার অভিযোগ উঠেছে। প্রতিনিয়ত তিনি গবাদিপশুর অপারেশন করে চলেছেন। কোন অদৃশ্য শক্তির বলে সে একের পর এক কৃষকের গরুর ভুল চিকিৎসা দিয়ে আসছে জানানেই কারো।

অনুসন্ধানে জানাগেছে, দামুড়হুদা উপজেলার পুরাতন বাস্তপুর গ্রামের রমজান আলীর ছেলে দরিদ্র কৃষক আঃরহমানের একটি লাল রঙের এড়ে গরু অসুস্থ হয়ে পড়ে। সে দামুড়হুদা উপজেলা প্রাণী সম্পদ অফিসের উপসহকারী প্রাণী সম্প্রসারণ কর্মকর্তা নজরুল ইসলামের স্বরনাপন্ন হন। ওই কর্মকর্তা দরিদ্র কৃষকের বাড়ি গিয়ে গরুটিকে ক্ষতস্থানে অস্ত্রপাচার করতে হবে আর এজন্য খরচ হবে মোটা অংকের টাকা। গত আনুমানিক ৩মাস আগে গরুটি সুস্থ হয়ে না উঠলে চিকিৎসক নজরুল ইসলামের কাছে যান দরিদ্র কৃষক আঃরহমান। সেসময় দরদাম ঠিক হবার একপর্যায়ে প্রাণী চিকিৎসক নজরুল ইসলাম দরিদ্র কৃষকের বাড়ি গিয়ে গরুটির ক্ষতস্থানে ভুল অস্ত্র পাচার করে। এরপর দিনেদিনে গরুটি আরও অসুস্থ হয়ে পড়ে। ক্ষতস্থানে দগদগে গা দেখা দিয়েছে। গরুটির মালিক বারবার মোবাইলে ওই প্রাণী চিকিৎসকের সাথে যোগাযোগ করলেও গরুটির আর চিকিৎসা দিচ্ছেন না। গরুটি দিনদিন শুকিয়ে যাচ্ছে। লক্ষ্যধীক টাকা মূল্যের গরুটি মারা যাবে বলে আশঙ্কা করছে গরুর মালিক।

এদিকে, সম্প্রতি সময়ে দামুড়হুদা উপজেলার চিৎলা মোড়পাড়ার আনসার আলির ছেলে দিনমজুর আঃকুদ্দুছের একটি ৮মাসের গাভী গরুর শরীরে মোটা অংকের টাকা নিয়ে ভুল অস্ত্রপাচার করে। গাভীটির শরীরে অস্ত্রপাচারের দিন রাতে গাভীটি খুবই অসুস্থ হয়ে পড়ে। ভুক্তভোগী আঃকুদ্দুছ বারবার মোবাইল করে উপসহকারী প্রাণী চিকিৎসক নজরুল ইসলাম কে। বারবার কল দেয়ার পরও তিনি ফোন রিসিভ করেননি। এর কয়েকদিন পর গাভী গরুটি মারা যায়। ভুক্তভোগী আঃকুদ্দুছ বাদী হয়ে উপসহকারী নজরুল ইসলামের নামে লিখিত অভিযোগ করে থানা সহ সংশ্লিষ্ট দফতরে। যা বেশ কয়েকটি গণ মাধ্যমে সংবাদ প্রকাশ হয়েছিল।

দামুড়হুদা উপজেলা প্রাণী সম্পদ অফিসের উপসহকারী প্রাণী

সম্প্রসারণ কর্মকর্তা নজরুল ইসলাম বলেন, আমি অনেক দিনআগেই পুরাতন বাস্তপুরের আঃরহমানের গরুর অপারেশন করেছি। সেই সময় তাকে বলেছিলাম গরুটি বিক্রি করে দিতে। আর তার কাছ থেকে চিকিৎসা বাবদ, ১ হাজার বার শ টাকা নিয়েছি। তিনি আরও বলেন, আমি মেলা অপারেশন করেছি হবে তো। চিৎলায় আমার চিকিৎসা দেয়া গরুটি মারা যাওয়ার ঘটনায় আমার বিরুদ্ধে তদন্ত হয়েছে। এখন তাদের গরু যদি ভালো না হয় তাহলে অন্য কারো দিয়ে চিকিৎসা করাক। ওরা মনে করেছে চিৎলার ঘটনায় হেমারিং হয়েছে হয়তো ওরাও অভিযোগ করলে আসমান থেকে একটা গরু চলে আসবে। তবে করুক,রিপোর্ট করিয়ে আসমান থেকে গরু নিয়ে আসুক।

দামুড়হুদা উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা তাসলিমা খাতুন বলেন, অপারেশন তো ওনার করার কথা না। আমাদের তো ভেটেনারি সার্জন নাই হয়তো সেজন্য উনি কিছু চিকিৎসা করে সাপোট দেন। এখন তো অনেকেই শিখে চিকিৎসা দিচ্ছে। সবাইকে তো আর ওভাবে রোধ করা সম্ভব না। তিনি আরও বলেন, ইতোপূর্বে এধরণের একটি অভিযোগের পেক্ষিতে তার বিরুদ্ধে তিন সদস্য বিশিষ্ট কমিটি গঠন করে তদন্ত প্রতিবেদন জমা দেয়া হয়েছে। যদি ভুক্তভোগী খামারি লিখিত অভিযোগ করে তাহলে তদন্ত কমিটি গঠন করে তদন্ত রিপোর্টের ভিত্তিতে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।